

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
বাজিতপুর, কিশোরগঞ্জ।  
ই-মেইল ucobajitpur@gmail.com.


তারিখঃ ০৪/০৩/২০২৪ খ্রি.

আদেশ নং- ৪৭.৬১.৪৮০৬.০০০.৩৫.০৬৫.২০. ৩৩৪

তরী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং ১২১, তারিখ- ২৯/০২/২০১৬খ্রি. সাং- চেক্সহাটি, ডাকঘরঃ পাটুলী, উপজেলাঃ বাজিতপুর, জেলাঃ কিশোরগঞ্জ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ বিগত ২৭/০২/২০২৪ খ্রি. তারিখে উত্তীর্ণ হওয়ায় এবং বর্ণিত মেয়াদের মধ্যে নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হওয়ায় সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারার বিধান মোতাবেক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের প্রয়োজন দেখা দিয়েছে। তৎপ্রেক্ষিতে সমিতির দৈনন্দিন স্বাভাবিক কাজকর্ম পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য অত্র সমিতির মেয়াদ উত্তীর্ণ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সম্পাদক কর্তৃক ২৮/০২/২০২৪ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে সমবায় সমিতি আইন-২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক নিম্নে বর্ণিত ৩(তিন) সদস্য বিশিষ্ট অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃনং	নাম ও পদবী	ঠিকানা	সদস্য নং	কমিটিতে পদবী
০১	মোছাঃ নাজমা আক্তার অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	উপজেলা সমবায় কার্যালয় বাজিতপুর, কিশোরগঞ্জ।	-	সভাপতি
০২	মোঃ রনি মিয়া	সাং- শোভারামপুর পোঃ বাজিতপুর, উপজেলা- বাজিতপুর, জেলা-কিশোরগঞ্জ।	৬৪	সদস্য
০৩	মোঃ আলামিন	সাং- সাতানি, পোঃ বাজিতপুর, উপজেলা- বাজিতপুর, জেলা-কিশোরগঞ্জ।	১৮৯	সদস্য

উক্ত কমিটির মেয়াদকাল নিয়োগ আদেশ তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত মেয়াদকালের মধ্যে বিশেষ সাধারণ সভা আহবান করিয়া ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতঃ নির্বাচিত কমিটির নিকট অবিলম্বে দায়িত্বভার হস্তান্তর করিতে হইবে।

  
০৪/৩/২৪

আনোয়ারা বেগম  
উপজেলা সমবায় অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ।


তারিখঃ ০৪/০৩/২০২৪খ্রি.

স্মারক নং-৪৭.৬১.৪৮০৬.০০০.৩৫.০৬৫.২০- ৩৩৪/১(৩)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। জনাব মোছাঃ নাজমা আক্তার, সভাপতি/ সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, তরী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, তাঁকে মেয়াদ উত্তীর্ণ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট হতে সমিতির দায়িত্বভার গ্রহণ করার জন্য বলা হলো।
- ০২। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, সভাপতি/ সম্পাদক/ সদস্য, মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি, তরী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, তাঁকে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির দায়িত্বভার হস্তান্তর করার জন্য বলা হলো।
- ০৩। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ। সদয় অবগতির জন্য।

০৪। অফিস নথি।

  
০৪/৩/২৪

উপজেলা সমবায় অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ।